

আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ২৭ সেপ্টেম্বর, ২০২১ ০০:০০

## ই-কমার্से গরু অর্ডার দিয়ে প্রতারণা

| নিজস্ব প্রতিবেদক



ই-কমার্স প্রতিষ্ঠানগুলোর গ্রাহক প্রতারণার বিষয়টি বোঝাতে গিয়ে সাংবাদিকের সামনে এবার নিজেই প্রতারণা হওয়ার অভিজ্ঞতা তুলে ধরলেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। জানালেন, গত বছর ঈদে গরু দেখে অনলাইনে অর্ডার দেওয়ার পরও কাস্ট্রিক্ট গরুটি তিনি বুঝে পাননি। পরে অবশ্য অপেক্ষাকৃত কম দামের একটি গরু বুঝিয়ে দেওয়া হয়, সঙ্গে দেওয়া হয় একটি ছাগল। গতকাল প্রতিযোগিতা কমিশনের সম্মেলন কক্ষে ‘প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে ইআরএফের ভূমিকা’ শীর্ষক কর্মশালায় নিজের ই-কমার্স অভিজ্ঞতার কথা বলেন টিপু মুনশি। তিনি বলেন, কোরবানির গরু ডিজিটাল হাটে বিক্রি করার কথা। সেই উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রী হিসেবে আমাকেও রাখা হয়েছিল। অনুষ্ঠানে আমাকে একটা গরু দেখানো হলো, আমি একটা গরু কিনলাম। গরুর দাম বলা হলো ১ লাখ টাকা। ভাবলাম আমি না হয় শুরুতে একটা গরু কিনি। ছয়-সাত দিন পর তারা আমাকে জানাল যে, সে গরু আর নেই। টিপু মুনশি প্রশ্ন রাখেন, ‘আমি মন্ত্রী, আমারই যদি গরু না থাকে তাহলে কীভাবে হবে?’ বাণিজ্যমন্ত্রী আরও বলেন, ডেসটিনি ও যুবকের অনেক সম্পদ রয়েছে। সম্পদগুলোর দামও বেড়েছে অনেক। ন্যায্যমূল্যে বিক্রি করলেও যে টাকা পাওয়া যাবে তা দিয়ে গ্রাহকদের ৫০ থেকে ৬০ শতাংশ টাকা ফেরত দেওয়া যাবে। বিষয়টি নিয়ে আইনমন্ত্রী আনিসুল হকের সঙ্গে তাঁর কথা হয়েছে বলেও জানান বাণিজ্যমন্ত্রী। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপারসন মফিজুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য রাখেন কমিশনের সদস্য বি এম সালেহ উদ্দীন, মনজুর কাদির, নাসরিন বেগম, কমিশনের উপদেষ্টা ব্যারিস্টার মাফরুহ মুরফি, ইকোনমিক রিপোর্টার্স ফোরামের (ইআরএফ) সভাপতি শারমীন রিনভি এবং সাধারণ সম্পাদক এস এম রাশেদুল ইসলাম।